# নেপালের বিপক্ষে আজ মাঠে নামছে জামাল ভূঁইয়ার বাংলাদেশ



সংগৃহীত ছবি

ফিফা প্রীতি ম্যাচে নেপালের বিপক্ষে আজ প্রথম ম্যাচ খেলতে নামবে বাংলাদেশ। এএফসি এশিয়ান কাপের প্রস্তুতি হিসেবে দুই ম্যাচেই জয়ের লক্ষ্য জামাল ভূঁইয়াদের।

ফিফা আন্তর্জাতিক প্রীতি ম্যাচে নেপালের বিপক্ষে আজ মাঠে নামছে বাংলাদেশ জাতীয় ফুটবল দল। শনিবার (৬ সেপ্টেম্বর) বিকেল পৌনে ছয়টায় কাঠমান্ডুর দশরথ রঙ্গশালা স্টেডিয়ামে শুরু হবে ম্যাচটি।

এএফসি এশিয়ান কাপ বাছাইয়ে হংকংয়ের বিপক্ষে গুরুত্বপূর্ণ ম্যাচের আগে নিজেদের প্রস্তুতি যাচাই করতেই নেপালের বিপক্ষে দুটি প্রীতি ম্যাচ খেলছে বাংলাদেশ। প্রথম ম্যাচের আগে দুই দিন ধরে অনুশীলন করেছে জামাল ভূঁইয়ার নেতৃত্বাধীন দল।

২৩ সদস্যের দলে এবার নেই হামজা চৌধুরী ও শমিত সোমদের মতো আলোচিত ফুটবলাররা। তবে কোচ হাভিয়ের কাবরেরা এটিকে চ্যালেঞ্জের পাশাপাশি নতুন খেলোয়াড়দের নিজেদের প্রমাণের সুযোগ হিসেবে দেখছেন।

নেপালের বিপক্ষে সবশেষ লড়াইয়ে বাংলাদেশ হেরেছিল ৩-১ গোলে। এবার প্রতিশোধের সুযোগ থাকলেও কোচের কাছে মূল লক্ষ্য হলো খেলোয়াড়দের পরখ করা। দশরথ স্টেডিয়ামেই আগামী ৯ সেপ্টেম্বর হবে দুই দলের দ্বিতীয় ম্যাচ।